



২৮ নভেম্বর ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশ-নাইজেরিয়া প্রথম যৌথ সাংস্কৃতিক সন্ধ্যা : দু'দেশের মধ্যে “ফ্রেন্ডশীপ ক্লাব”-এর সূচনা

বাংলাদেশ এবং নাইজেরিয়া প্রথমবারের মতো যৌথভাবে ২৬ নভেম্বর ২০১৯ তারিখে নাইজেরিয়ার রাজধানী আবুজায় একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে। আবুজার এফ সি টি (FCT) এক্সিবিশন প্যাভেলিয়ন এর সুপারিসর মিলনায়তনে অনুষ্ঠিত জমজমাট আয়োজনে প্রায় ৩০০ আমন্ত্রিত অতিথি উপস্থিত ছিলেন। উপস্থিত অতিথিদের মধ্যে ছিলেন নাইজেরিয়ার বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, কূটনীতিক, নির্বাচিত জন প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক, সুশীল সমাজের সদস্যবৃন্দ, বাণিজ্য ও ব্যবসায়ী নেতৃবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশীরা।

বাংলাদেশ হাইকমিশনার মো: শামীম আহসান তার স্বাগত: বক্তব্যে “যৌথ সাংস্কৃতিক সন্ধ্যা” ও “ফ্রেন্ডশীপ ক্লাব” এর যাত্রাকে দু'দেশের বিদ্যমান সম্পর্কে অন্যতম স্মরণীয় মুহূর্ত হিসেবে সব সময় বিবেচিত হবে বলে উল্লেখ করেন। তিনি নাইজেরিয়ার ন্যাশনাল কাউন্সিল ফর আর্টস এন্ড ক্রাফটস (National Council for Arts and Crafts) এর মহাপরিচালক জনাব অটুন্বা সেগুন রানসুয়ে (Mr. Otunba Segun Runsewe)-কে উক্ত আয়োজনের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। হাইকমিশনার জনাব আহসান তার বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করে তার কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর নেতৃত্বে কিভাবে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে তাও তুলে ধরেন। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে তাদের অকুণ্ঠ সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। জনাব অটুন্বা তার বক্তব্যে “ফ্রেন্ডশীপ ক্লাব” এর সূচনাকে দু'দেশের মধ্যকার সম্পর্কে নতুন মাত্রা যুক্ত হবে বলে উল্লেখ করেন। অনুষ্ঠানে বাংলাদেশের দলনেতা উপ-সচিব জনাব মো: আতাউর রহমানও বক্তব্য রাখেন। উল্লেখ্য, বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় শিল্পকলা একাডেমীর শিল্পী সমন্বয়ে ২০-সদস্য বিশিষ্ট একটি দল প্রেরণ করে।

অনুষ্ঠানের এক পর্যায়ে কেক কাটার মাধ্যমে ‘নাইজেরিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ ক্লাব’ এর সূচনা হয়। প্রাক্তন পররাষ্ট্র মন্ত্রী এবং জাতিসংঘে নাইজেরিয়ার সাবেক স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত প্রফেসর ইব্রাহিম আগবুলা গামবারী (Prof. Ibrahim Agboola Gambari), নাইজেরিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার জনাব মো: শামীম আহসান, ন্যাশনাল কাউন্সিল ফর আর্টস এন্ড ক্রাফটস-এর মহাপরিচালক জনাব অটুন্বা সেগুন রানসুয়ে একসাথে কেক কাটেন।

বাংলাদেশ ও নাইজেরিয়ার বিশিষ্ট শিল্পীরা সংগীত ও নৃত্য পরিবেশন করেন। দেশাত্মবোধক, রবীন্দ্র ও নজরুল সংগীতকে উপজীব্য করে ডালিয়া আহমেদের উপস্থাপনায় সংগীত শিল্পী সালমা আকবর, ইয়াসমিন আলী, সফিক তুহিন, কাজী মুয়িত শাহরিয়ার সিরাজ জয়, ম্যানুয়েল সোরেন, আব্রু নকরেক এবং নৃত্য শিল্পী মোহাম্মদ রাসেল আহমেদ, সংগীতা চৌধুরী, আফরিন সুলতানা নিপু, রাহিনা জামান ও শামী ইয়াসমিন ঝিনুক-এর পরিবেশনা সবাইকে মুগ্ধ করে। বিদেশী শ্রোতার মুহূর্ত মুহূর্ত করতালি দিয়ে শিল্পীদের অভিনন্দিত করেন। তবলায় দেবু চৌধুরী, কি বোর্ডে কাজী যোবায়ের কায়সার, গিটারে অভিজিত চক্রবর্তী এবং ঢোলে মো: নজরুল ইসলাম শিল্পীদের সহযোগিতা করেন। সংগীতের মুহূর্তায় ও নৃত্যের তালে তালে মুক্তিযুদ্ধ, উন্নয়ন অভিযাত্রা ও আবহমান বাংলার সংস্কৃতি ও ঐতিহ্য উঠে আসে।

অনুষ্ঠান শেষে অতিথিদের দু'দেশের ঐতিহ্যবাহী খাবারে আপ্যায়িত করা হয়।

